

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৭৪

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة) পরিচ্ছেদঃ ১. ওযু ও সালাত ফরয হওয়া সম্পর্কে

بَابِ فَرْضِ الْوُضُوءِ وَالصَّلَاةِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بُنُ يَزِيدَ حَدَّثَنَا ابْنُ فُضَيْلِ حَدَّثَنَا عَطَاءُ بْنُ السَّائِبِ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ جَاءَ أَعْرَابِيٍّ إِلَى النَّبِيِّ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ السَّلَامُ عَلَيْكَ يَا غُلامَ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ فَقَالَ وَعَلَيْكَ وَقَالَ إِنِي رَجُلٌ مِنْ أَخْوَالِكَ مِنْ بَنِي سَعْدِ عَلَيْكَ يَا غُلامَ بَنِي سَعْدِ وَأَنَا رَسُولُ قَوْمِي إِلَيْكَ وَوَافِدُهُمْ وَإِنِي سَائِلُكَ فَمُشَدِّدٌ مَسْأَلَتِي إِلَيْكَ وَمُنَاشِدُكَ بَنِ بَكْدٍ وَأَنَا رَسُولُ قَوْمِي إِلَيْكَ وَوَافِدُهُمْ وَإِنِي سَائِلُكَ فَمُشَدِّدٌ مَسْأَلَتِي إِلَيْكَ وَمُنَاشِدُكَ فَمُشَدِّدٌ مُسْأَلَتِي إِلَيْكَ وَمُنَاشِدُكَ فَمُشَدِّدٌ مُنَاشَدِي إِلَيْكَ وَمُنَاشِدُكَ وَمَنْ مَعْدَكَ قَالَ اللَّهُ قَالَ فَنَشَدْتُكَ بِذَلِكَ أَهُو أَرْسَلَكَ قَالَ انَعَمْ قَالَ اللَّهُ عَلَى الْيَوْمِ وَاللَّيْلَةِ اللَّهُ مَلُونَ اللَّلَ الْمَلْكَ قَالَ الْعَمْ وَاللَّيْلَةِ عَلَى الْمَوْمُ وَاللَيْلَةِ اللَّهُ عَلَى الْمَلْكَ أَنْ نُطَلِكَ أَنْ نُصَعْمُ قَالَ الْعَامِ وَاللَّيْلُكَ عَلْى الْمَلُكَ أَنْ نُطَعْمَلُنَ الْمَا عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الْنَالِكَ عَنْهَا وَلَا أَلْكَ الْمَلِكَ أَنْ نَأَخُدُ مَنْ وَاجِذُهُ ثُمَّ قَالَ وَالَّذِي يَفُسِي بِيَدِهِ لَكَ قَالَ الْمَاعَلَى النَبِيُّ صَالَى اللَّهُ عَلَى النَيْقُ وَلَا اللَّهُ عَلَى اللَّهُ الْمُلَالَ اللَّهُ الْمُلَالُ الْمُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى النَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ

إسناده ضعيف محمد بن فضيل متأخر السماع من عطاء

বাংলা

৬৭৪. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: (একদা) এক বেদু'ঈন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ



আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে বললো: হে বনী আব্দুল মুত্তালিবের পুত্র! 'আস-সালামু আলাইকা' (আপনার উপর শান্তি বর্ষিত হোক)। তখন তিনি বললেন: "ওয়া আলাইকা (তোমার উপরও)।"

লোকটি বললো: আমি আপনার মাতুল বংশ বনী সা'দ ইবনু বাকর গোত্রের এক ব্যক্তি। আর আমি আমার গোত্রের দৃত ও প্রতিনিধি হিসেবে আপনার নিকট এসেছি। আমি আপনাকে কিছু প্রশ্ন করব এবং সে প্রশ্ন করার ব্যাপারে কঠোরতা অবলম্বন করবো এবং আমি কসম দিয়ে আপনাকে কিছু জিজ্ঞেস করবো এবং আমার এ কসম দিয়ে জিজ্ঞাসার ব্যাপারে আমি আপনার প্রতিই কঠোরতা অবলম্বন করবো। তিনি বললেন: "হে বনী সা'দ গোত্রের ভাই! তুমি তোমার প্রশ্ন করা শুরু কর।"

সে লোকটি বললো, আপনাকে কে সৃষ্টি করেছেন এবং আপনার পূর্ববর্তী ও পরবর্তী লোকদেরকেই বা কে সৃষ্টি করেছেন? তিনি বললেন: "আল্লাহ।"

লোকটি বলল, আমি আপনাকে তাঁর কসম দিয়ে জিঞ্জেস করছি, তিনিই কি আপনাকে রাসূল হিসেবে পাঠিয়েছেন? তিনি বললেন: "হাঁ।"

সে বললো, সাত আসমান ও সাত জমিনকে কে সৃষ্টি করেছেন এবং এদের মাঝে রিযিকের ব্যবস্থা করেছেন কে? তিনি বললেন: "আল্লাহ।"

লোকটি বলল, আমি আপনাকে তাঁরই কসম দিয়ে জিজ্ঞেস করছি, তিনিই কি আপনাকে রাসূল হিসেবে পাঠিয়েছেন? তিনি বললেন: "হাঁ।"

সে বলল, আমরা আপনার (প্রেরিত) পত্রে পেয়েছি এবং আপনার দূত আমাদেরকে আদেশ করেছে যে, আমরা যেন দিনে ও রাতে নির্দিষ্ট সময়মত পাঁচবার সালাত আদায় করি। আমি আপনাকে তাঁর কসম দিয়ে জিজ্ঞেস করছি, তিনিই কি আপনাকে (এর) আদেশ দিয়েছেন? তিনি বললেন: "হাঁ।"

অতঃপর সে বলল, আমরা আপনার (প্রেরিত) পত্রে পেয়েছি এবং আপনার দৃত আমাদেরকে আদেশ করেছে যে, আমরা যেন আমাদের আত্মীয়-স্বজনদের নিকট থেকে সম্পদ (এর কিছু অংশ) সংগ্রহ করি এবং আমাদের দরিদ্রদের মাঝে বণ্টন করি। আমি আপনাকে তাঁর কসম দিয়ে জিজ্ঞেস করছি, তিনিই কি আপনাকে (এর) আদেশ দিয়েছেন? তিনি বললেন: "হাঁ।"

অতঃপর সে বলল, পঞ্চম (প্রশ্ন)টি আমি আর জিজেস করছি না। এবং এর কোনো প্রয়োজনও আমার নেই। তারপর সে বললো, আমি এবং আমার কওমের যারা আমার অনুসরণ করবে, আমরা সকলে অবশ্যই এর উপর আমল করব।' এরপর সে ফিরে গেল। ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হেঁসে ফেললেন, এমনকি তাঁর দাঁত পর্যন্ত প্রকাশিত হয়ে পড়লো। অতঃপর তিনি বললেন: "যে সন্তার হাতের মুঠোয় আমার প্রাণ, সেই সন্তার কসম! যদি সে সন্তা বলে থাকে, তবে অবশ্যই সে জান্নাতে প্রবেশ করবে।"[1]

## ফুটনোট



[1] তাহকীক: এর সনদ যয়ীফ। মুহাম্মদ ইবনু ফুযাইল আতা হতে হাদীস শ্রবণ হতে পিছিয়ে রয়েছে। (কিন্তু হাদীসটি সহীহ। পূর্বের ও পরের হাদীসটি দেখুন।

তাখরীজ: ইবনু আবী শাইবা, আল ঈমান; আমরা মাজমাউয যাওয়াইদ নং ১৬২৩ নং এ এর পূর্ণাঙ্গ তাখরীজ দিয়েছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন